# আল-ফাজর | Al-Fajr | ٱلْفَجْر

আয়াতঃ ৮৯ : ২৬

## আরবি মূল আয়াত:

وَّ لَا یُوۡثِقُ وَ ثَاقَهٗۤ اَحَدٌ ﴿۲۶﴾

## অনুবাদসমূহ:

আর কেউ তাঁর বাঁধার মত বাঁধতে পারবে না। — আল-বায়ান

এবং তাঁর বাঁধনের মত কেউ বাঁধতে পারবে না। — তাইসিরুল

এবং তাঁর বন্ধনের মত বন্ধন কেহ করতে পারবেনা। — মুজিবুর রহমান

And none will bind [as severely] as His binding [of the evildoers]. — Sahih International

## ২৬. এবং তার বাঁধার মত বাঁধতে কেউ পারবে না।

-

তাফসীরে জাকারিয়া

## ২৬। এবং তাঁর বন্ধনের মত বন্ধন কেউ বাঁধতে পারবে না। [1]

[1] এই জন্য যে, সেদিন সমস্ত প্রকার ইচ্ছা ও এখতিয়ার কেবলমাত্র আল্লাহরই হাতে হবে। অন্য কারো তাঁর সামনে কিছু করবার ক্ষমতা থাকবে না। তাঁর অনুমতি ছাড়া কেউ কারো সুপারিশ পর্যন্তও করতে পারবে না। এই অবস্থায় কাফেরদের যে আযাব হবে এবং যেভাবে তারা আল্লাহর বন্ধনে আবদ্ধ থাকবে, তার কল্পনাও করা কারো পক্ষে সম্ভব নয়; তা অনুমান করা তো দূরের কথা। এ অবস্থা তো যালেম ও অপরাধীদের হবে। পক্ষান্তরে ঈমানদার এবং আল্লাহর অনুগত বান্দাগণের অবস্থা হবে এর সম্পূর্ণ বিপরীত; যেমন পরবর্তী আয়াতসমূহে বর্ণিত হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6019

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন